

১০/৭/০৭  
৯২

শিক্ষা মন্ত্রণালয়ের সার্কুলার  
জোহর নামাজের বিরতি  
মাত্র ১০ মিনিট নির্ধারণ  
ছাত্র-শিক্ষকদের হতাশা  
নোয়াখালী অফিস

শিক্ষা মন্ত্রণালয়ের ইস্যুকৃত এক সার্কুলারে ডাবল শিফটভুক্ত দেশের সরকারী ও বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসায় জোহরের ও আছরের নামাজের জন্য মাত্র ১০ মিনিট করে সময় নির্ধারণ করায় শিক্ষার্থী ও শিক্ষকরা হতাশ হয়েছে। যেসব শিক্ষা প্রতিষ্ঠানে নামাজের ব্যবস্থা নেই সেসব প্রতিষ্ঠানের শিক্ষার্থী

৭/১৮/০৭

জোহর নামাজের বিরতি

১২-০৭ পৃষ্ঠা নং

ও শিক্ষকরা পার্শ্ববর্তী মসজিদে গিয়ে নামাজ আদায় করে থাকে। কিন্তু মাত্র ১০ মিনিটে ওয়জু, এস্তেনজা ও ১০ রাকাত জোহরের নামাজ কিভাবে সম্বল তা নিয়ে চাণা ক্ষোভ বিরাজ করছে। এদিকে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থীরা অভিযোগ করেন যে, ওয়জু, এস্তেনজা এবং জোহরের ১০ রাকাত নামাজ আদায় করতে কমপক্ষে ২৫ মিনিট সময় প্রয়োজন হয়। এছাড়া আছরের নামাজের জন্যও নির্ধারিত ১০ মিনিট যথেষ্ট নয় বলে মুসল্লীরা জানান। একই সার্কুলারে ডাবল শিফট শিক্ষা প্রতিষ্ঠানের সময়সূচী মধ্যাহ্ন ১২-১৫ মিঃ থেকে অপরাহ্ন ৫-২৫ মিঃ পর্যন্ত নির্ধারণ করা হয়েছে। কিন্তু আছরের থেকে ফেব্রুয়ারী পর্যন্ত ৫-২৫ মিনিটের পূর্বে সন্ধ্যা নেমে আসে। আর এ সময় ছুটি হলে শিক্ষার্থীরা বাড়ী ফিরতে দুর্ভোগের সন্মুখীন হবে। ফলে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সার্কুলার বাতিল করে দাখ দাখ শিক্ষার্থীর সুবিধা মোতাবেক সমন্বয়পন্থী সার্কুলার ইস্যুর দাবী জানিয়েছে ছাত্র, শিক্ষক ও অভিভাবকরা।